

প্রকৌশলীর কার্যালয়			
১ম তলা ভিত্তি বিভাগ-২, ঢাকা।			
১১০০	০১৫১২৬	প্রকৌশলীর -	
সং:	সং:	সং:	সং:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.০২.১০১.১৯.২৫৭

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯

১১ এপ্রিল ২০২৩

বিষয়: ২০ তলা ভিত্তি বিশিষ্ট ওয়াকফ ভবনের ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা উর্ধ্বমুখী সম্প্রসারণের অবশিষ্ট কাজ সম্পন্নকরণ শীর্ষক প্রকল্পের কাজের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

সূত্র: উপ প্রকল্প পরিচালক, এর স্মারক নং/১৬.০২.০০০০.০৮৩.১৪.০০২.১৮/৭৯ তারিখ-০৫ এপ্রিল ২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে খরচ করার জন্য ২০০.০০ লক্ষ (দুই কোটি) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

সূত্রস্থ স্মারক পত্রের মাধ্যমে সিনিয়র সহকারী সচিব ও উপ প্রকল্প পরিচালক, “২০ তলা ভিত্তি বিশিষ্ট ওয়াকফ ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের অবশিষ্ট কাজ সম্পন্নকরণ” শীর্ষক প্রকল্প, ৪, নিউ ইন্সটান রোড, ঢাকা, কর্তৃক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ১টি চেকের মাধ্যমে ন্যস্তকৃত ২০০.০০ লক্ষ, যার চেক নং CDD 4914501 তারিখ-০৫.০৪.২০২৩ খ্রিঃ, অগ্রণী ব্যাংক লিমিটেড, নিউ ইন্সটান রোড শাখা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণ করা হলো।

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন যথাযথভাবে পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

শর্তসমূহঃ

- প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
- বরাদ্দকৃত অর্থ খরচের হিসাব অত্র দপ্তরের/ প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- অনুগ্রহপূর্বক প্রাপ্তি-স্বীকার প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ চেক নং-CDD 4914501 তারিখ-০৫.০৪.২০২৩ খ্রিঃ

অগ্রণী ব্যাংক লিমিটেড, নিউ ইন্সটান রোড শাখা, ঢাকা।

টাকা=২০০.০০ লক্ষ টাকা

[Handwritten signature]